NYC
Department of Education

২০ মে ২০০৯

Joel I. Klein
Chancellor
New York City Department of Education

52 Chambers Street
New York, NY 10007

প্রিয় স্কুল কম্যুনিটি,

এপ্রিলে নিউ ইর্য়ক সিটিতে এইচওয়ান এনওয়ান ফ্লু বা ‘‘সোয়াইন ফ্লু” প্রথমবার আসার পর থেকেই, ডিপার্টমেন্ট অব এডুকেশন এবং ডিপার্টমেন্ট অব হেলথের কর্মকর্তারা শিক্ষার্থীদের এবং স্কুল কম্যুনিটির অন্যান্য সদস্যদের স্বাস্থ্য নিবিড়ভাবে পর্যবেক্ষণ করে যাচ্ছেন। আমাদের কম্যুনিটিকে সুস্থ রাখার জন্য আমরা স্কুলের প্রিন্সিপ্যাল এবং স্কুল নার্সদের সাথে নিবিড়ভাবে কাজ করে যাচ্ছি। আজ, আমি এই পরিস্থিতির উপর আপনাদেরকে হালনাগাদ করতে চাই।

সোয়াইন ফ্লু কী?
এইচওয়ান এনওয়ান নামে নতুনভাবে চিহ্নিত একটি ভাইরাস এই ফ্লুর কারণ। এপ্রিল থেকে, নিউ ইর্য়ক সিটিতে এবং বিশ্বব্যাপী ফ্লুর মত একটি অসুখের বিস্তার ঘটেছে। এর উপসর্গ ঋতুসংক্রান্ত নিয়মিত ফ্লুর উপসর্গের সাথে সাদৃশ্যপূর্ণ। যাঁরা সংক্রমিত হন তাঁদের জ্বর হয়, সাথে কাঁশি,গলা ব্যাথা,মাথা ব্যাথা এবং শরীর ব্যাথা হয়। এইচওয়ান এনওয়ান ব্যক্তি থেকে ব্যক্তিতে ছড়ায় যেমনটা ঋতু সম্পর্কিত ফ্লুর ক্ষেত্রে ছড়ায়: যখন কেউ কাঁশি বা হাঁচি দেয়, তিনি খুবই কাছাকাছি যে-কাউকে সংক্রমিত করতে পারেন। এ পর্যন্ত, নতুন এই এইচওয়ান এনওয়ান ফ্লুর উপসর্গের সাথে ঋতুর ফ্লুর উপসর্গের কাছাকাছি মিল পাওয়া গেছে এবং যাঁরা এতে অসুস্থ হয়েছেন, তাঁদের প্রায় সবাই সুস্থ হচ্ছেন, কিন্তু *যে কোন* ইনফ্লুয়েঞ্জার ভাইরাস চরম অসুস্থতা ঘটাতে পারে, তাই আমরা কঠোর পুর্বসতর্কতা অবলম্বন করছি।

স্কুলগুলি কীভাবে পরিস্থিতির পর্যবেক্ষণ করছে?
প্রিন্সিপ্যাল এবং নার্সরা সর্তক রয়েছেন এবং শিক্ষার্থী এবং কর্মীদেরকে নিরাপদ এবং সুস্থ রাখার জন্য ডিপার্টমেন্ট অব হেলথের সাথে কাজ করে যাচ্ছেন। আমরা স্কুলকে নির্দেশনা দিয়েছি :

- ফ্লুর মত অসুস্থতা থাকলে সেই শিক্ষার্থীদেরকে সাথে সাথে আলাদা করে ফেলতে।
- যে-সকল শিক্ষার্থীর মধ্যে উপসর্গ দেখা দেয় তাদের মূল্যায়নের জন্য শিক্ষার্থীদেরকে স্কুল-নার্স অথবা স্কুলভিত্তিক স্বাস্থ্য কেন্দ্রে পাঠাতে এবং তারপর বাড়িতে পাঠাতে।
- পিতামাতাদেরকে জানাতে যে, যেসকল শিক্ষার্থীর এই সকল উপসর্গ আছে, উপসর্গমুক্ত অবস্থায় ফেরার ২৪-ঘন্টা পর পর্যন্ত তাদেরকে বাড়িতে রাখার জন্য (যেসকল শিক্ষার্থীদের ক্রমাগত কাশির উপসর্গ দেখা দেয়, কিন্তু অন্য কোন উপসর্গ নেই, তাঁরা তাদের উপসর্গ দেখা দেওয়ার এক সপ্তাহ পর স্কুলে আসতে পারে)।

কোন স্কুলে যদি অস্বাভাবিকভাবে উচ্চ সংখ্যায় শিক্ষার্থী অসুস্থ হয়, সেক্ষেত্রে স্কুল নার্স আমাদের কেন্দ্রিয় স্কুল হেলথ্ অফিসের সাথে যোগাযোগ করবে, এবং এই অফিস হেলথ্ ডিপার্টমেন্টের সঙ্গে কাজ করে স্কুলের জন্য পরিকল্পনা প্রস্তুত করবে।

শিক্ষার্থীদেরকে নিরাপদ রাখার জন্য সিটি কী করছে?
আমরা নিবিড়ভাবে পরিস্থিতি পর্যবেক্ষণ করছি এবং আমরা নির্দিষ্ট স্কুলে অসুস্থদের ‘‘কিছু গুচ্ছ ” খুঁজছি। কিছু ক্ষেত্রে, যখন অনেক শিক্ষার্থী অসুস্থ হয়, তখন স্কুল বন্ধ রেখে, সন্তানদেরকে বাসায়

রেখে এবং তাদেরকে একে অপরের সঙ্গে মেলামেশায় বাধা দিয়ে, পরবর্তী সংক্রামণ ঠেকানো যেতে পারে। এপ্রিল থেকে আমরা এ পর্যন্ত কয়েক ডজন স্কুল বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছি। হেলথ্ কমিশনারের সুপারিশের ভিত্তিতে, কখন স্কুল বন্ধ করে দিতে হবে সে সিদ্ধান্ত নেয়ার দায়িত্ব চ্যান্সেলরের উপর।

আমি পরিষ্কারভাবে বলতে চাই যে, এটি বর্তমানে সিটিব্যাপী সমস্যা নয় এবং সিটিব্যাপী কোন সমাধানের প্রয়োজন নেই। আমাদের যা প্রয়োজন তা হচ্ছে, প্রতিটি স্কুলকে পর্যবেক্ষণ করা এবং সুনির্দিষ্ট পরিস্থিতির ভিত্তিতে যথাযথ পদক্ষেপ নেয়া। আমাদের স্কুল সংখ্যার বিশাল অংশই এইচওয়ান এনওয়ান দ্বারা তুলনামূলকভাবে ক্ষতিগ্রস্থ হয় নাই।

স্কুল বন্ধ করার সিদ্ধান্ত আমরা কী ভাবে গ্রহণ করি?

স্কুল বন্ধ করার কোন অর্থ হয় কি-না তা বিবেচনা করার সময় হেলথ্ কমিশনার বেশ কিছু অবস্থা বিবেচনা করেন।

সর্বাধিক গুরুত্ব দিয়ে তিনি অসুস্থতার ''গুচ্ছ" খোঁজেন, এবং স্কুল বন্ধ করলে সংক্রমণ কমাতে তা সাহায্য করবে কি-না, তা নির্ধারণ করেন। এর অর্থ হচ্ছে, কোন স্কুলে অনুপস্থিত শিক্ষার্থীর সংখ্যার আকস্মিক আধিক্য খোঁজা। এটার অর্থ এই যে, নার্সের অফিসে গমনকারী শিক্ষার্থীর সংখ্যা খোঁজা এবং বেশি জ্বরে আক্রান্ত (১০০.৪ ডিগ্রী) শিক্ষার্থীদের খোঁজ রাখা। শুধু উচ্চ অনুপস্থিতির হার মানেই এই নয় যে, স্কুল বন্ধ করে দিতে হবে। সকল অসুস্থ শিক্ষার্থী যদি ইতোমধ্যে বাড়িতে অবস্থান করে এবং স্কুলের শিক্ষার্থীরা যদি সুস্থ থাকে, তাহলে স্কুল বন্ধ করে দেয়া অর্থবহ নাও হতে পারে।

কম্যুনিটিতে আমরা এইচওয়ানএনওয়ান ফ্লুর তীব্রতার খোঁজ-খবরও রাখছি। ডিপার্টমেন্ট অব হেলথ এবং মেন্টাল হাইজিন নিউ ইয়র্ক সিটির সকল ইমারজেন্সিরুম এবং ইনটেনসিভ কেয়ার ইউনিটগুলোর তদারকি করছে যাতে কম্যুনিটিতে সোয়াইন ফ্লু ছড়িয়ে পড়ার তীব্রতা মূল্যায়ন করা যায়।

হেলথ্ ডিপার্টমেন্ট প্রতিদিনই অনেক স্কুল পরিদর্শন করছে এবং প্রতিটি পরিস্থিতি কীভাবে মোকাবিলা করা যায় তার উপর স্কুল-চ্যান্সেলরের কাছে সুপারিশ তুলে ধরছে।

আপনি বাড়িতে কী করতে পারেন?

ফ্লু ঠেকানোর সবচেয়ে ভাল উপায় হচ্ছে যে, যাদের ফ্লুর উপসর্গ আছে, তারা যেন বাড়িতেই থাকে। আপনার সন্তানের যদি জ্বর থাকে, সাথে কাঁশি বা গলা ব্যাথা, তাহলে অনুগ্রহ করে তাকে তার উপসর্গমুক্ত হবার পর ২৪ ঘন্টা পার হওয়ার আগে, স্কুলে পাঠাবেন না।

যাদের ফ্লু হয়, তাদের প্রায় সবার জন্যই কোন চিকিৎসা পরিচর্যার দরকার নেই এবং এইচওয়ান এনওয়ান ফ্লুর জন্য পরীক্ষারও দরকার নেই। যারা হাসপাতালে আছেন হেলথ্ ডিপার্টমেন্ট শুধু তাঁদের জন্য পরীক্ষার সুপারিশ করেন। যাদের ফ্লু হয় তাদের প্রায় সবারই উচিত বাসায় থাকা।

যাহোক, যারা উঁচু-ঝুঁকির দলভুক্ত তাদের অবিলম্বে চিকিৎসা পরামর্শ নেয়া প্রয়োজন বিশেষ করে যারা গত এক সপ্তাহের মধ্যে ফ্লু আক্রান্ত ব্যক্তি অথবা ফ্লুর লক্ষণ আছে এমন ব্যক্তির নিবিড় সংস্পর্শে এসেছেন। যারা উঁচু ঝুকির অন্তর্ভুক্ত তারা হলেন:

- ৬৫ উর্ধ্ব বয়সী অথবা ২ বছরের কম বয়সী;
- ফুসফুস, হৃদযন্ত্র, কিডনি, লিভার অথবা রক্তের দীর্ঘমেয়াদি অসুখে আক্রান্ত ব্যক্তি;
- যাদের প্রতিরোধ ক্ষমতা হ্রাস পেয়েছে (হয় অসুস্থতা বা ঔষধের কারণে);

- গর্ভবতী নারী; এবং
- দীর্ঘমেয়াদি অ্যাসপিরিন থেরাপি গ্রহণ করছে এমন লোক।

আরো তথ্য আপনি কী ভাবে পেতে পারেন?

ডিওই ওয়েবসাইট www.nyc.gov/schools –এর হোমপেজ–এ আমরা এই ফ্লু সম্পর্কে হালনাগাদ তথ্য দিচ্ছি। যেসকল স্কুল বন্ধ হয়ে গেছে তার তালিকা এবং বিভিন্ন বহুল জিজ্ঞাসিত প্রশ্নের উত্তরও আমরা এই সাইটে দিচ্ছি। এছাড়া আছে অন্যান্য গুরুত্বপূর্ণ হালনাদাগ তথ্য। স্কুল বন্ধ থাকলেও, শিক্ষাথীদেরকে সঠিক পথে রাখার সহায়তায় আমরা শিক্ষা নির্দেশিকার লিংকও দিচ্ছি। নিচের যেকোন ঠিকানা থেকে আপনি এই শিক্ষা–নির্দেশিকা সংগ্রহ করতে পারেন:

- ব্রুকলিন: 131 Livingston Street, Brooklyn, NY 11201
- কুইন্স: 30-48 Linden Place, Queens, NY 11354; 28-11 Queens Plaza North, Long Island City, NY 11101; অথবা 90-27 Sutphin Boulevard, NY 11435

উপসংহার

আমাদের কম্যুনিটির সদস্যদেরকে সুরক্ষা দেওয়ার জন্য – আমরা প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছি – এবং তা অব্যাহত রাখব। আমি আপনাদেরকে শান্ত থাকার অনুরোধ জানাচ্ছি এবং আমাদের স্কুল কম্যুনিটির সদস্যদেরকে নিরাপদ এবং সুস্থ রাখার জন্য সহযোগী হিসাবে আমাদের সাথে কাজ করা অব্যাহত রাখার জন্য অনুরোধ করছি।

বিনীত,

জোয়েল আই. ক্লেইন
(Joel I. Klein)